

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৭টি প্রতিষ্ঠানকে ১.৬২ হাজার টাকা জরিমানা

১০ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের ১৫ জন কর্মকর্তার নেতৃত্বে রাজশাহী, টাঙ্গাইল, ময়মনসিংহ, মৌলভীবাজার, নরসিংদী, নারায়ণগঞ্জ, সুনামগঞ্জ, ভোলা, গোপালগঞ্জ, যশোর, পিরোজপুর, লালমনিরহাট, খুলনা, কুষ্টিয়া ও চাঁদপুরে আজ বাজার তদারকি করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠার হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের সখিপুর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নরসিংদী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাজীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার দৌলতখান উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়া'র নেতৃত্বে পিরোজপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে লালমনিরহাটের আদিতমারী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহিনুর আলমের নেতৃত্বে খুলনার দিঘলিয়া উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকাসহ মোট ১,৬২,৫০০/- (এক লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানোর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১৫টি বাজার তদারকির মাধ্যমে ৩৭টি প্রতিষ্ঠানকে মোট ১,৬২,৫০০/- (এক লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ৮ আগস্ট ২০১৬ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে মং ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানিটোরী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, রাজশাহী, টাঙ্গাইল, ময়মনসিংহ, মৌলভীবাজার, নরসিংদী, নারায়ণগঞ্জ, সুনামগঞ্জ, ভোলা, গোপালগঞ্জ, যশোর, পিরোজপুর, লালমনিরহাট, খুলনা, কুষ্টিয়া ও চাঁদপুর।
- ৭। পুলিশ সুপার, রাজশাহী, টাঙ্গাইল, ময়মনসিংহ, মৌলভীবাজার, নরসিংদী, নারায়ণগঞ্জ, সুনামগঞ্জ, ভোলা, গোপালগঞ্জ, যশোর, পিরোজপুর, লালমনিরহাট, খুলনা, কুষ্টিয়া ও চাঁদপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।